



পল্লী ভবন

৫, কাওরান বাজার, ঢাকা।

Website: www.brdb.gov.bd

পত্র নং-৪৭.৬২.০০০০.৫০২.০০.০১৪.৯২. ২৬৯৮

তারিখ ০৯/০৪/১৪ খ্রিঃ।

উপ-পরিচালক


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

..... জেলা দপ্তর (সকল)।

বিষয় : ডিসেম্বর/১৪ মাসের মধ্যে খেলাপী ঋণ আদায় নিশ্চিত করণের জন্য মাঠ পর্যায়ে কর্ম-পরিকল্পনা তৈরি ও বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ৬ ও ৭ এপ্রিল বিআরডিবি সদর দপ্তরে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে উপপরিচালক সম্মেলনে অনুষ্ঠিত হয়। উক্ত সম্মেলনে উদ্বোধনী পরে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী প্রধান অতিথি এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয় যেকোন মূল্যে ডিসেম্বর/১৪ মাসের মধ্যে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ ১০০% আদায়ের নির্দেশনা প্রদান করেন। ইতঃপূর্বে নিয়ন্ত্রণাধীন জেলায় আবর্তক (কৃষি), স্বল্প মেয়াদী (ফসলী) ঋণসহ বিভিন্ন প্রকল্প/কর্মসূচির বিপুল পরিমাণ খেলাপী ঋণ আদায়ের জন্য সদর দপ্তর কর্তৃক উপর্যুপরি তাগাদা দেয়া সত্ত্বেও জেলায় খেলাপী ঋণ আদায়ে কোন অগ্রগতি লক্ষ্য করা যায়নি। মন্ত্রী মহোদয়ের নির্দেশনার প্রেক্ষাপটে খেলাপী ঋণ আদায়ের লক্ষ্যে মাঠ পর্যায়ে একটি বাস্তবায়নযোগ্য কর্ম-পরিকল্পনা প্রণয়ন আবশ্যিক। জুন/১৪ মাসের মধ্যে বিদ্যমান খেলাপী ঋণের ৩০%, সেপ্টেম্বর/১৪ মাসের মধ্যে ৩০% এবং ডিসেম্বর/১৪ মাসের মধ্যে অবশিষ্ট ৪০% আদায়ের লক্ষ্যে সদর দপ্তর কর্তৃক একটি কর্ম-পরিকল্পনার নমুনা প্রস্তুত করা হয়েছে (সংযুক্ত)।

এমতাবস্থায়, সদর দপ্তর কর্তৃক প্রণীত নমুনা পরিকল্পনার আঙ্গিত জেলা দপ্তর কর্তৃক যুক্তিসঙ্গত কর্ম-পরিকল্পনা তৈরি করে তা নিয়ন্ত্রণাধীন উপজেলায় বাস্তবায়ন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। জেলা দপ্তর কর্তৃক প্রণীত কর্ম-পরিকল্পনার অনুলিপি সদর দপ্তরের সারেসমিতি বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উক্ত কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সদর দপ্তর কর্তৃক নিয়মিত মনিটরিং করা হবে।


তারিখ ০৯/০৪/১৪
মোঃ সহিদুল ইসলাম খান
পরিচালক (সারেসমিতি)
ফোন : ৮১৮০০০৬

অনুলিপি :-

- ১। যুগ্ম-পরিচালক/প্রকল্প পরিচালক/নির্বাহী পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা/ফরিদপুর (সংশ্লিষ্ট)।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। সদয় জ্ঞাতার্থে।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

ফোন: ৮১৮০১৪৪
ফ্যাক্স: ৮১৮৯০২৯

স্মারক নং-৪৭.৬২.০০০০.১০৮.০০.২০১২.১৪.

তারিখ: ১৫/০৪/২০১৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। উপ পরিচালক, বিআরডিবি, ----- জেলা।
- ২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, ----- উপজেলা, ----- জেলা।
- ৩। সহকারী প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৪। সংশ্লিষ্ট নথি।


(প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম)
প্রকল্প পরিচালক (IRESPPW)

বাপউবা ঢাকা।